


যুগান্তর

ঢাবি সাদা দলের বিবৃতি

সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস পালনের দাবি

প্রকাশ : ০৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি

সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস পালন এবং শিক্ষকদের পেশাগত সুযোগ-সুবিধা বৃদ্ধির দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দল। শনিবার সংগঠনের আহ্বায়ক অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম প্রেরিত এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। প্রতিবছর ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস পালন করা হয়। বিবৃতিতে বলা হয়, শিক্ষাকে বলা হয় জাতির মেরুদণ্ড। এ মেরুদণ্ড তৈরির মূল কারিগর হলেন শিক্ষক সমাজ। কিন্তু বর্তমান বাংলাদেশে শিক্ষক সমাজ সবচেয়ে অবহেলিত ও উপেক্ষিত। নীতিনির্ধারণী পর্যায়ে এমনকি শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়নের মতো কাজেও শিক্ষকদের অংশগ্রহণ এবং মতামত প্রদানের সুযোগ দেয়া হয় না। শুধু বেতন বৈষম্য বা আর্থিক সুযোগ-সুবিধার ক্ষেত্রে নয়, আজ শিক্ষক সমাজ নানাভাবে হয়রানিরও শিকার হচ্ছেন। বিশ্ববিদ্যালয়গুলোর স্বায়ত্তশাসন খর্ব করে শিক্ষকদের নিয়ন্ত্রণে নানাভাবে চেষ্টা করা হচ্ছে। এর সাম্প্রতিক নজির হচ্ছে সব বিশ্ববিদ্যালয়ে অভিন্ন শিক্ষক নিয়োগ নীতিমালা প্রবর্তনের চেষ্টা।

বিবৃতিতে আরও বলা হয়, রাষ্ট্র ও সমাজে শিক্ষকদের অবদানকে স্মরণ ও তাদের সম্মান জানানোর জন্য বিশ্ব শিক্ষক দিবস পালন করা হয়। বাংলাদেশে সরকারিভাবে নানা দিবস পালন করা হলেও এখন পর্যন্ত বিশ্ব শিক্ষক দিবস সরকারিভাবে পালন করা হয় না। এটি আমাদের একটি মৌলিক অধিকার পূরণে সরাসরি ভূমিকা পালনকারী শিক্ষকদের অসম্মান এবং রাষ্ট্রীয় উপেক্ষারই নামান্তর। এ অবস্থায় শিক্ষকের জীবনমানের উন্নয়নে তাদের পেশাগত সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের মাধ্যমে শিক্ষকদের প্রতি সম্মান জানানোর জোর দাবি জানানো হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।